# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৫৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির সালাতে সুতরার বিবরণ

## ذِكْرُ وَصْفِ اسْتِتَارِ الْمُصَلِّي فِي صَلَاتِهِ

আরবী

2355 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أُمَيَّةَ عَنْ أَبِي مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حُرَيْثٍ عَنْ جَدِّهِ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ أَبُو الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلْيَجْعَلْ تِلْقَاءَ وَجْهِهِ شَيْئًا فَإِنْ لَمْ يَجِدْ فليُلقِ عَصًا فَإِنْ لَمْ يَجِدْ عَصًا فَلْيَخُطَّ خَطًّا ثُمَّ لَا يَضُرُّهُ مَا يَمُرُّ بين يديه)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2355 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((ضعيف أبي داود)) (107).
قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: عَمْرُو بْنُ حُرَيْثٍ ـ هَذَا ـ شَيْخٌ مِنْ أَهْلِ الْمَدِينَةِ رَوَى عَنْهُ سَعِيدٌ الْمَقْبُرِيُّ وَابْنُهُ أَبُو مُحَمَّدٍ يَرْوِي عَنْ جَدِّهِ وَلَيْسَ هَذَا بِعَمْرِو بْنِ حُرَيْثٍ الْمَخْزُومِيِّ ذَلِكَ لَهُ صُحْبَةٌ وَهَذَا عَمْرُو بْنُ حُرَيْثِ بْنِ عُمَارَةَ مِنْ بَنِي عُذْرَةَ سَمِعَ أَبُو مُحَمَّدِ بْنُ عَمْرِو بْنِ حُرَيْثٍ جَدَّهُ حُرَيْثَ بْنَ عُمَارَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ.

বাংলা

২৩৫৫. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ সালাত আদায় করবে, তখন সে যেন তার সামনে কোন কিছুকে সুতরাহ হিসেবে রাখে। যদি সে কোন কিছু না পায় তবে সে যেন লাঠি রেখে দেয়। যদি সে সেটা না পায়, তবে সে যেন একটি দাগ কাটে। তারপর তার সামনে দিয়ে যা কিছু অতিক্রম করুক না কেন এতে কোন ক্ষতি করবে না।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “অত্র হাদীসের রাবী আমর বিন হুরাইস, মদীনার একজন শাইখ,

তার থেকে সাঈদ আল মাকবূরী হাদীস বর্ণনা করেছেন। তার ছেলে আবূ মুহাম্মাদ তার দাদা থেকে হাদীস বর্ণনা করেছেন। ইনি আমর বিন হুরাইস আল মাখযূমী নন। আমর বিন হুরাইস আল মাখযূমী একজন সাহাবী। আর ইনি হলেন আমর বিন হুরাইস বিন উমারাহ, বানূ উযরাহ গোত্রের লোক। তার ছেলে আবূ মুহাম্মাদ বিন আমর বিন হুরাইস তার দাদা হুরাইসের মাধ্যমে আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে হাদীস শ্রবণ করেছেন।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৪৯; আবূ দাউদ: ৬৯০; ইবনু মাজাহ: ৯৪৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৮১১; সুনান বাইহাকী: ২/২৭১; বাগাবী: ৫৪১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২২৮৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবূ দাউদ: ১০৭)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91676

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন